



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা-১২০৫  
www.naem.gov.bd



নং-নায়েম/৩৭.০৪.২৬৬৩.২০০.০৬.০১০.১৫ (পার্ট-১)/৭৮৮২

তারিখ: ২২/০২/১৪২৭ বঙ্গাব্দ  
০৪/০৬/২০২০ খ্রিষ্টাব্দ

বিষয়: নায়েম কর্তৃক পরিচালিত বিভিন্ন প্রশিক্ষণ কোর্সে সেশন পরিচালনার জন্য প্রস্তুতকৃত হ্যান্ডআউটের সফটওয়্যার/প্রিন্ট পরিমার্জন করে জমাদান

নায়েম এর সকল অনুষদ সদস্যকে অবগত করা যাচ্ছে যে, অনতিবিলম্বে নায়েম পরিচালিত প্রশিক্ষণ কোর্সসমূহ ই-লার্নিং মোডে পরিচালনা করার উদ্যোগ নেয়া হবে। Access to Information (a2i) এ ক্ষেত্রে টেকনিক্যাল সাপোর্ট প্রদান করবে এবং “মুক্তপাঠ” প্ল্যাটফর্মটি ব্যবহৃত হবে। নায়েম অনুষদ সদস্যের সকলেই নিজ নিজ সেশন পরিচালনার জন্য নিজ উদ্যোগে হ্যান্ডআউট প্রস্তুত করে বিভিন্ন প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষণার্থীদের বিতরণ করে আসছেন।

এমতাবস্থায়, সকল অনুষদ সদস্যকে তাঁদের সেশনসমূহের ডিজিটাল কন্টেন্ট প্রস্তুতকরণের লক্ষ্যে তাঁদের প্রস্তুতকৃত সকল হ্যান্ডআউট পরিমার্জন করে সফটওয়্যার (বাংলায়) এবং প্রিন্ট এর হার্ডকপি আগামী ১৫-০৬-২০২০ তারিখের মধ্যে প্রশিক্ষণ ও বাস্তবায়ন শাখায় জমা দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(প্রফেসর আহাম্মেদ সাজ্জাদ রশীদ)  
মহাপরিচালক, নায়েম  
ফোন: ৫৫১৬৭৫২৮  
e-mail: info@naem.gov.bd

নং-নায়েম/৩৭.০৪.২৬৬৩.২০০.০৬.০১০.১৫ (পার্ট-১)/৭৮৮২(২২)

তারিখ: ২২/০২/১৪২৭ বঙ্গাব্দ  
০৪/০৬/২০২০ খ্রিষ্টাব্দ

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১-৪. পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ ও বাস্তবায়ন/গবেষণা ও তথ্যায়ন/প্রশাসন ও অর্থ, নায়েম, ঢাকা;
- ৫-৭. উপ-পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন)/(প্রশাসন ও অর্থ), নায়েম, ঢাকা;
৮. জনাব মো. জাহাঙ্গীর কবীর, সহকারী পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন), নায়েম, ঢাকা;
৯. সকল কর্মকর্তা, নায়েম, ঢাকা;
১০. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নায়েম, ঢাকা;
১১. পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নায়েম, ঢাকা;
১২. অফিস নথি।

(মো. জাহাঙ্গীর কবীর)  
সহকারী পরিচালক (প্রশিক্ষণ ও বাস্তবায়ন)